

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২০.০৩

তারিখ: ২০ পৌষ ১৪২৭

০৪ জানুয়ারি ২০২১

বিষয়: 'জনপ্রশাসন পদক ২০২১' প্রদানের জন্য মনোনয়ন আহ্বান।

জনপ্রশাসনে কর্মরত কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে জনপ্রশাসন পদক নীতিমালা ২০১৫ (২০১৬ সালে সংশোধিত) অনুসারে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে জাতীয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে জনপ্রশাসন পদক ২০২১ প্রদান করা হবে। পদক নীতিমালার ৮ ধারা অনুসারে জেলা/অধিদপ্তর/পরিদপ্তর/মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের মনোনয়ন প্রেরণের সময়সূচি নিম্নরূপ:

পর্যায়	সময়সীমা
মনোনয়ন আহ্বান	৫ জানুয়ারি ২০২১
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	১৫ ফেব্রুয়ারি ২০২১
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	৭ মার্চ ২০২১
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	১৫ মার্চ ২০২১
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	৩১ মার্চ ২০২১
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	৭ এপ্রিল ২০২১

০২। উল্লিখিত পর্যায় ও সময়সূচি অনুযায়ী ২০২০ (জানুয়ারী-ডিসেম্বর) সালের কর্মকান্ড বিবেচনাপূর্বক জনপ্রশাসন পদক ২০২১ প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন পদক নীতিমালা অনুসারে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মনোনয়ন আহ্বান এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

১। জনপ্রশাসন পদক নীতিমালা ২০১৫ (২০১৬ সালে সংশোধিত) অনুসারে মনোনয়ন প্রেরণ করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৯নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।


২। জেলা ও অধিদপ্তর পর্যায়ের কমিটি ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয় পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ করবে। এ কমিটি হতে মনোনয়ন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য হলে সেক্ষেত্রেও ১৫ মার্চের মধ্যেই প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় পর্যায়ের কমিটি ৭ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ করবে।

৩। জেলা ও অধিদপ্তর পর্যায়ের কমিটি সাধারণ ক্ষেত্রে ব্যক্তিগত, দলগত ও প্রাতিষ্ঠানিক শ্রেণিতে তিন (০৩) টি এবং কারিগরি ক্ষেত্রে ব্যক্তিগত, দলগত ও প্রাতিষ্ঠানিক শ্রেণিতে তিন (০৩) টি, সর্বমোট ছয় (০৬) টি শ্রেণিতে মনোনয়ন মন্ত্রণালয় পর্যায়ের কমিটিতে প্রেরণ করবে। অনুরূপভাবে, মন্ত্রণালয় পর্যায়ের কমিটি সর্বোচ্চ ছয় (০৬) টি মনোনয়ন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রতিটি ক্ষেত্র ও শ্রেণির বিপরীতে এক (০১) এর অধিক মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৪। নীতিমালায় বর্ণিত মনোনয়ন হুক (সংযোজনী ক) যথাযথভাবে পূরণ করতে হবে এবং মনোনয়ন হুকে প্রকল্প/অবদানের বস্তুনিষ্ঠ বর্ণনা থাকতে হবে। বাহ্যিক কথা পরিহার করতে হবে।

৫। পূরণকৃত মনোনয়ন হুক ও বাছাই কমিটি সভার কার্যবিবরণীর হার্ডকপির পাশাপাশি সফটকপি word ও pdf ফাইলে

ই-মেইলে (cp2@mopa.gov.bd) প্রেরণ করতে হবে।



৪-১-২০২১

ড. মোহাম্মদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৩) জেলা প্রশাসক ও সভাপতি জেলা বাছাই কমিটি (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২০.০৩/১(৪৯৯)

তারিখ: ২০ পৌষ ১৪২৭

০৪ জানুয়ারি ২০২১

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৫) অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



৪-১-২০২১

ড. মোহাম্মদ হোসেন

উপসচিব